গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৫.১৬.০০১.২৪.৩৫৬

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২০ মে ২০২৪

বিষয়: ১৫শ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২২ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ৯৭ (সাতানব্বই) জন সহকারী জজ যোগদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিন সফলতার সাথে প্রশিক্ষণ সমাপ্ত করেছেন কিনা সে সম্পর্কে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

উপযুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের ১০.০০.০০০০.১২৫.১১.০০২.২৩.৭৮৪ স্মারকের ১৪/১১/২০২৩ তারিখের প্রজ্ঞাপনে ১৫শ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২২ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ৯৭ (সাতানব্বই) জন সহকারী জজ গত ১৯/১১/২০২৩ তারিখে যোগদান করেন। যোগদানের প্রজ্ঞাপনে শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিন সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলি পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সর্ম্পকে প্রশিক্ষণ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

২। শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ এর অনুচ্ছেদ ৬ অনুযায়ী জেলা ও দায়রা জজ সামগ্রিক প্রশিক্ষণ তত্ত্বাবধান করবেন এবং শিক্ষানবিস সহকারী জজ সফলতার সাথে তাঁর প্রশিক্ষণ সমাপ্ত করেছেন কিনা সে সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরণের আবশ্যকতা রয়েছে।

৩। এমতাবস্থায়, ১৫শ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০২২ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ৯৭ (সাতানব্বই) জন সহকারী জজ যোগদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিন সফলতার সাথে তাঁদের প্রশিক্ষণ সমাপ্ত করেছেন কিনা সে সম্পর্কে শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ এর অনুচ্ছেদ ৬ অনুযায়ী এ বিভাগে জরুরিভিত্তিতে প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ-কে অনুরোধ করা হলো।

20/05/24

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪১২

জেলা ও দায়রা জজ

নম্বর: ১০.০০.০০০০.১২৫.১৬.০০১.২৪.৩৫৬/১(৫)

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২০ মে ২০২৪

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। গার্ড ফাইল।
৫। অফিস কপি।

20/05/24

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব